



46917 - মরোজরে ঘটনায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অন্য নবীদরে ইমাম হওয়ার হকেমত কি?

প্রশ্ন

মরোজরে সময় নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অন্য নবীদরে ইমাম হওয়ার কারণ কি? এটুকি প্রমাণ করে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

মসজদে আকসাতে (যে মসজদি ইব্রাহিমি খলিলি আঃ এর পরে আগত সকল নবীর ইবাদত ঘর) অন্য নবীদরে ইমাম হয়ে আমাদের নবীর নামায় আদায় করার কারণ হচ্ছে এটা প্রমাণ করা যে, আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সবচয়ে বড় নতো; সবচয়ে প্রাধান্যযোগ্য; হাফযে ইবনে কাছরি (রহঃ) সুস্পষ্টভাবে এ কথা সূরা বনি ইসরাইলে তাফসিরে প্রথমই উল্লেখ করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক সকল নবীর ইমাম হয়ে নামায় আদায় করা প্রসঙ্গে বলতে গিয়ে তিনি বলেন: “এরপর তাঁর মর্যাদা ও ফজলিত প্রকাশ করার জন্য ইমামতের ক্ষেত্রে তাঁকে প্রাধান্য দয়া হয়েছে। এটা ছিল জিব্রাইল (আঃ) এর ইঙ্গিত মতোবকে।”

কোন সন্দেহে নই আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামই প্রাধান্য পাওয়ার উপযুক্ত; নবীদরে সরো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “আমি কিয়ামতের দিন সকল বনী আদমের নতো হব। সর্বপ্রথম আমার কবর উন্মুক্ত করা হবে। আমি হব সর্বপ্রথম সুপারশিকারী ও সর্বপ্রথম যার সুপারশি গৃহীত হবে।”[সহি মুসলিম (২২৭৮)]

কোন কোন আলমে অপর একটি হকেমত উল্লেখ করার চেষ্টা করেন। তারা বলেন: হাদিসের বাণী: “আমি তাদের ইমামত করলাম” এর মধ্যে এ ইঙ্গিত পাওয়া যায় যে, এ উম্মত সমস্ত মানব জাতির নেতৃত্ব দাবে।

আল্লাহই ভাল জানেন।